মেহেরপুরে বিএনপির গণমিছিল ও সমাবেশ

কর্তৃত্তবাদী সরকারের পদত্যাগ, রাষ্ট্র সংস্কারের ২৭ দফা প্রস্তাব বাস্তবায়ন, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা, মহাসচিব ফখরুল ইসলাম আলমগীর, জাতীয় স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসসহ দলীয় নেতাকর্মীদের মুক্তির দাবিতে গণমিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

শনিবার বেলা ১১ টার দিকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে শহরের কাথুলী সড়কে এ গণমিছিল করে দলটি। পরে কাথুলী বাসস্ট্যান্ডে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য দেন, জেলা বিএনপির সহসভাপতি আব্দুর রহমান, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. মারুফ আহমেদ বিজন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ বাবলু, আব্দুল আওয়াল, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, আব্দুর রশিদ।
গণমিছিল ও বিক্ষোভ সমাবেশে জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের শত শত নেতাকর্মী অংশ গ্রহণ করেন।

বিএনপির সংসদ সদস্য হারুন পদত্যাগ করবেন আজ

সংসদ সদস্য পদ থেকে বৃহস্পতিবার (২২ ডিসেম্বর) পদত্যাগ করবেন বিএনপি থেকে নির্বাচিত চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য হারুনুর রশীদ। বেলা ১১টায় জাতীয় সংসদের স্পিকারের কাছে

পদত্যাগপত্র জমা দেওয়ার কথা রয়েছে তার।

বিষয়টি বিএনপির প্রেস উইং সদস্য শামসুদ্দিন দিদার নিশ্চিত করেছেন।

চলতি একাদশ জাতীয় সংসদে বিএনপির সাতজন সংসদ সদস্য ছিলেন। ১০ ডিসেম্বর ঢাকায় বিএনপির বিভাগীয় জনসভা থেকে তারা পদত্যাগের ঘোষণা দেন। গত ১১ ডিসেম্বর বিএনপির ৬ সংসদ সদস্য পদত্যাগ করেন। এরইমধ্যে সংরক্ষিত নারী আসন ছাড়া অন্য ৫টিতে উপনির্বাচনের তারিখও ঘোষণা করা করেছে নির্বাচন কমিশন (ইসি)। ওই সময় হারুনুর রশীদ বিদেশে থাকার কারণে পদত্যাগপত্র জমা দিতে পারেননি।

সূত্র: ইত্তেফাক

দর্শনার ফুলবাড়িয়ার বীর মুক্তিযোদ্ধা নজিরের ইন্তেকাল

দামুড়হুদার দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের ফুলবাড়ি গ্রামের স্কুলপাড়ার আব্দুল করিমের ছেলে বীরমুক্তিযোদ্ধা নজির আহম্মদ
(৭৫) (স্টোক) করে ইন্তেকাল করছেন। গত মঙ্গলবার রাত ১০ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ইন্তেকাল করেছেন (ইন্না— রাজিউন)।

তিনি দীর্ঘদিন বিভিন্ন রোগেও ভুগছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে ও ২ মেয়ে সহ অসংখ্য আত্মীয়স্বজন রেখে গেছেন। তাঁর মৃত্যুতে দামুড়হুদা উপজেলা আ লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম পৃথক পৃথক শোক প্রকাশ করেছেন।

গতকাল বুধবার (২১ ডিসেম্বর) বেলা ১১ টার সময় দামুড়হুদার ফুলবাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের স্কুল মাঠে তাকে গার্ড অফ অনার দেন,

দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার সানজিদা বেগম ও সাবেক চুয়াডাঙ্গা জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আবু হোসেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইএম লুতফুল কবীর এবং চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একদল চৌকস পুলিশ সদস্যরা তাকে শেষ শ্রদ্ধা জানান, এসময় উপস্থিত তার সহযোদ্ধারা তাকে শেষ শ্রদ্ধাজানান, মশিউর রহমান, ইকলাস, ফজলুর রহমান, মাহাতাব উদ্দীন, এরশাদ আলী, মতিয়ার রহমান, জামান উদ্দীন ও সিরাজুল ইসলাম প্রমুখ।

এসময় আরো উপস্থিত ছিলেন, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, সাবেক চেয়ারম্যান শাহ ইনামুল করিম ইনু, আজ বেলা সাড়ে ১১টার সময় গ্রামের পারিবারিক কবরস্থানে নামাজের জানাজা শেষে দাফন করে।

সাবেক ছাত্রলীগ নেতা শিপুর উত্থান , অত:পর…

জামায়াত-বিএনপি পরিবার থেকে উঠে এসে মেহেরপুরের গাংনী উপজেলার আলোচিত-সমালোচিত তরুন উদীয়মান রাজনীতিক সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপু। গেল মঙ্গলবার অনলাইন জুয়ায় জড়িত অভিযোগে পুলিশ তাকে গ্রেপ্তার করার পর তার সম্পর্কে বেরিয়ে এসেছে বিচিত্রি সব তথ্য। কেউ বলেছে শিপু দানশীল ও পরপোকারী, কেউ বা বলেছে গরীবের বন্ধু, কারো কারো মুখে অনলাইন জুয়াড়ী, টেণ্ডারবাজ, নিয়োগ বাণিজ্যর হোতা। শিপুর সম্পর্কে মানুষের মধ্যে অনেক কিছুই অজানা। অনেকেই বলছে কেই এই শিপু? কিভাবে তার উত্থান এই নিয়ে চলছে নানা আলোচনা আর সমালোচনা। কোটি কোটি টাকার মালিক শিপুর অর্থ সম্পদ হলো কিভাবে? বিভিন্ন অনুষ্ঠানে লাখ লাখ টাকা খরচের উৎস কি?

গাংনীর ধানখোলা ইউনিয়নের আড়পাড়া গ্রামের ফরাজি পাড়ার এক কৃষক পরিবারের সন্তান সাহিদুজ্জামান শিপু। বাল্যকালে ১৯৯৪ সালের ২৯মে সাহিদুজ্জামান শিপুর পিতা আব্দুল কুদ্দুস, দাদা আলতাফ হোসেন মোল্লা ও দুই চাচা চরমপন্থিদের নির্মম হত্যাকান্ডের শিকার হয়।

শিশু বয়সে বাবাকে হারিয়ে মায়ের কোলে বেড়ে ওঠে। শিপুর দাদা জামায়াত ইসলামের অন্যতম নেতা ছিলেন। বাপ-চাচারা করতেন বিএনপি। শিপুর নানা আওয়ামী লীগের সক্রিয় রাজনীতিক ছিলেন। পারিবারিক নিরাপত্তার কারনে কারনে শিশু শিপুকে নিয়ে তার মা চলে আসেন গাংনীতে। মামা সাবেক ছাত্রলীগ নেতা মরহুম কামরুজ্জামান বুড়োর কাছেই লালিত পালিত হন শিপু। সংসারে তার লেখা পড়ার ব্যয়ভার বহনের জন্য সাবেক এমপি মকবুল হোসেনের কাছে নিয়ে যায় প্রয়াত ছাত্র নেতা কামরুজ্জামান বুড়ো। ছাত্র অবস্থায় জড়িয়ে পড়েন ছাত্রলীগের রাজনীতিতে। মকবুল হোসেনের আর্শিবাদে ছাত্রলীগের জেলা কমিটির সহসভাপতির পদ পান তিনি। রাজনীতির অঙ্গনে লড়াকু সৈেনিকর ভুমিকায় অভিভুত হয়ে সাবেক এমপি মকবুল হোসেন তার পার্সোনাল সেক্রেটারি (পিএস) হিসেবে নিয়োগ করেন। সেই থেকেই বেপরোয়া হয়ে ওঠেন শিপু। বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ডে জড়িয়ে বিত্ত বৈভবের মালিক হন তিনি। টেণ্ডারবাজি ও বিভিন্ন স্কুল কলেজের নিয়োগ বাণিজ্যর মূল হোতা হয়ে উঠে তরুণ শিপু। মকবুল হোসেন এমপির মাধ্যমে বিভিন্ন নিয়োগ ও টেণ্ডারবাজির সবটুকুই দেখভাল করতো শিপু।

সাবেক পৌর মেয়র আশরাফুল ইসলাম সহ অনেককেই নানা ধরনের রোশানলে পড়তে হয়েছে তার কাছে। কথিত আছে মেয়র আশরাফুল ইসলামের কাছ থেকে নানা সময়ে অনেক টাকা হাতিয়ে নিয়েছে এই সাহিদুজ্জামান শিপু। স্বার্থের টানা পোড়েনের কারনে এক সময় দুজনের মধ্যে শত্রুতা দেখা দেয়। সেই শত্রুতা দিনদিন দানা বেঁধে ওঠে। পরে আশরাফুল ইসলামের সার্থে সম্পর্কের ছেদ পড়ে। বর্তমান এমপি সাহিদুজ্জামানের বিপক্ষে বিভিন্ন সময় মিছিল মিটিং করতে দেখা যায় এই শিপুকে।

গেল জাতীয় নির্বাচনে আওয়ামীলীগের প্রার্থী সাহিদুজ্জামান খোকন নির্বাচিত হলে মকবুল হোসেনের কাছ থেকে সরে এসে সাহিদুজ্জামান খোকনের আস্থা ভাজন হবার চেষ্টা করেন শিপু। এ চেষ্টায় সফলও হন তিনি। বিভিন্ন সময়ে প্রয়াত কামরুজ্জামান বুড়োর স্বরণে বিভিন্ন অনুষ্ঠানে ব্যয় করেন লক্ষ লক্ষ টাকা। শিপুর সাজানো অনুষ্ঠানে প্রধান অতিথি হন মেহেরপুর-২ (গাংনী) আসানেরএমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। নিজ খরচে বিভিন্ন মানুষকে অর্থিকভাবে সহায়তা ছাড়াও দান খয়রাতে ব্যাপক পরিচিত পায় গাংনীসহ বিভিন্ন এলাকায়। নিজেকে আগামী দিনের গাংনী পৌর সভার মেয়র হিসেবে তৈরী করার আগাম প্রস্তুতি বটে। কিন্তু তার এই টাকা উড়ানোর বিষয়ে বিভিন্ন মহল আলোচনা সমালোচনা শুরু করে। কিভাবে এই বিত্ত বৈভবের মালিক হন। এই নিয়ে চলে বিত্তশালীদের মধ্যেও নানা গুঞ্জন।

সাহিদুজ্জামান শিপুর কোন আর্থিক প্রতিষ্ঠান কিংবা আয়ের উৎস নেই অথচ কিভাবে লক্ষ লক্ষ টাকা ব্যয় করেন তা নিয়ে আলোচনা শুরু হলে প্রশাসনও নড়ে চড়ে বসেন। শেষ পর্যন্ত প্রশাসনের কাছে বিষয়টি খোলসা হয়। বেরিয়ে আসে অনলাইন জুয়ার চাঞ্চল্যকর সব তথ্য। বর্তমানে শিপু হাজতবাসে।
নাম প্রকাশ না করার শর্তজুড়ে এলাকাবাসী জানান, সাহিদুজ্জামান শিপুর দাদা আলতাব হোসেন স্বাধীনতা যুদ্ধের পর দক্ষিণ পশ্চিমাঞ্চলের সৃষ্ট চরমপন্থিদের আশ্রয় দুর্দান্ত দাপটে এলাকা অস্থির। সেসময় পুলিশ বেশ কয়েকজন চরমপন্থিকে গ্রেপ্তার করলে চরমপন্থিরা ফুঁসে ওঠে। পরে একই রাতে সাত জনকে জবাই করে হত্যা করা হয়। হত্যাকান্ডের শিকার সাত জনের মধ্যে জালশুকা গ্রামের তিনজনসহ শিপুর দাদা, বাবা ও দুই চাচাসহ চারজনকে জবাই করে হত্যা করে চরমপন্থিরা। এ হত্যাকান্ডকে ভিন্ন খাতে প্রবাহিত করে গ্রামের বর্তমানে গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল ও তার পরিবারের লোকজনের ওপর চাপিয়ে দিয়ে মামলা করে। অথচ মখলেচুর রহমান মুকুল অন্য একটি মামলায় সেসময় কারাগারে ছিলেন। দির্ঘদিন আদালতে ওই মামলা বিচারাধীন থাকার পর মামলা থেকে অব্যহতি পান মখলেচুর রহমান মুকুল।

আরো একটি সুত্র জানায়, সাহিদুজ্জামান শিপু ভিন্ন ভিন্ন পন্থায় বিত্তবৈভরে মালিক হন। সুত্রটি জানায় উড়তি বয়সের ছেলেদেরকে কাজে লাগিয়ে বিভিন্ন কর্মকান্ড চালিয়ে গেছেন। এছাড়া তিনি এলাকায় একজন সুদ ব্যবসায়ী হিসেবেও পরিচিত। এদিকে নিজের রাজনৈতিক ভীত মজবুত করতে বিভিন্নজনকে অকাতরে অর্থদান শুরু করেন। শিপু কত কোটি টাকার মালিক হয়তো সে নিজেও জানে না। স্ত্রীর নামে পোস্ট অফিসে কিছু সঞ্চয় করেছেন। এছাড়া নিজের নামে কোন ব্যাংকে টাকা রাখেননি এমনকি জমিও কেনেননি। তবে ওইসকল টাকা সোনার বার কিনে মজুদ করেছেন বলে বিভিন্ন সূত্রে খবর পাওয়া গেছে। এছাড়া মেহেরপুর গাংনী, কুষ্টিয়ার কিছু এলাকার মাদকের নিয়ন্ত্রণ করেন এই সাবেক ছাত্র নেতা। এছাড়া রয়েছে নারী কেলেঙ্কারীতে পারদর্শিতার অভিযোগও।

মাদক, সন্ত্রাস ও অনলাইন জুয়াড়ি বিষয়ক শিপুর বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগও রয়েছে। এরপর বিষয়টি নিয়ে নড়ে চড়ে বসে প্রশাসন। শেষ পর্যন্ত তার অনলাইন জুয়ার আখড়ায় হানা দেয় পুলিশ। শুধু শিপুই নয়, তার সাথে তার আরো পাঁচজন সহযোগীকে গ্রেপ্তার করে। বেরিয়ে পড়ে থলের বিড়াল। সম্প্রতি গাংনী বাজারে ককটেল বিস্ফোরণ ও উদ্ধারের ঘটনা ঘটে। এ ঘটনায় শিপু নিজেই বাদী হয়ে গাংনী থানায় ১১ জনের নামে

একটি মামলা করেন। ওই মামলায় বিএনপির বেশ কয়েকজন নেতা কর্মী গ্রেপ্তার হন। একটি সুত্র জানায়, শিপু নিজেই একজন অঘটন ঘটন পটিয়শি। নিজেই ককটেল বিস্ফোরণ ঘটিয়ে বিএনপির ওপর দায় চাপিয়েছেন। প্রশাসনও বিষয়টি আচ করতে পেরে গোপন তদন্ত চালিয়ে যাচ্ছেন বলেও জানা গেছে। তবে এব্যাপারে প্রশাসনের দায়িত্বশীল কর্মর্তারা মুখে কোলুপ এঁটেছেন।
অপর একটি সুত্র জানায়, শিপু সাবেক এমপি মকবুল হোসেনের আশির্বাদপুষ্ট হয়ে তাঁর কাছে থেকে শিক্ষা গ্রহন ও রাজনীতিতে তার পদার্পন। তাই সাবেক এমপি মকবুল হোসনে কে তিনি কোনদিনই পরিত্যাগ করেননি। বর্তমান সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের সাথে মিশে থেকে কফিনের শেষ পেরেকটি মারতে চেয়েছিলেন। কিন্তু বিধি বাম। অনলাইন জুয়ার অভিযোগে গ্রেপ্তার হওয়ার পর এই কুটকৌশলের পখথটি রুদ্ধ। অনলাইন জুয়ার সাথে জড়িত থাকার অভিযোগে তার ব্যাক্তিগত কার্যালয় থেকে শিপুসহ আরো পাঁচ জনকে গ্রেপ্তার করা হলে তার অফিস এলাকা এখন সুনশান নিরবতা। এর শেষ দেখার অপেক্ষায় আছেন অনেকেই। শিপু ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় বর্তমানে কারান্তরীণ। সহসা জামিন না পেলেও জামিনে যখন বের হবেন তখনও কি তার দাপট থাকবে, না কী শিক্ষা নিয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসবেন তা দেখার অপক্ষোয় গাংনীবাসী।

এদিকে, শিপু আটকের পর তাকে ছাড়িয়ে নেওয়ার জন্য ক্ষমতাসীন আওয়ামী লীগের পদধারী অনেক নেতা প্রশাসনের কাছে সুপারিশ করেছেন। কিন্তু পুলিশ অনড় থাকায় কোন সুপারিশ কাজে আসেনি।
আজ রবিবার শিপুর রিমাণ্ড আবেদনের উপর শুনানী হওয়ার কথা রয়েছে।

মুজিবনগর উপজেলায় যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

মুজিবনগর স্মৃতিসৌধ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কুচকাওয়াজ, ডিসপ্লে, শরীর চর্চা, দোয়া মাহফিল অনুষ্ঠানের মধ্য দিয়ে মুজিবনগরের পালিত হয়েছে মহান বিজয় দিবস।

মুজিবনগরে শুক্রবার সারাদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে যথাযোগ্য মর্যাদার সহিত মহান বিজয় দিবস পালন করা হয়েছে। ভোর ছয়টার সময় ঐতিহাসিক মুজিবনগর সৃতিসৌধে ৩১বার তোপধনির মাধ্যমে দিবসের শুভ সূচনা করা হয়।

সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।সকাল সাড়ে ৬ টায় মুজিবনগর সৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পুষ্পমাল্য অর্পন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস এর নেতৃত্বে উপজেলা প্রশাসন। জাতীর শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধারা, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদি রাসেল এর নেতৃত্বে মুজিবনগর থানা।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এবং উপজেলা আওয়ামী লীগের (সাবেক) সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ, উপজেলা আনসার ভিডিপি,মুজিবনগর অফিসার্স ক্লাব,মহাজনপুর,বাগোয়ান,মোনাখালি,দারিয়াপুর ইউনিয়নের চেয়ারম্যান,আমাম হোসেন মিলু,আয়ুব হোসেন,মফিজুর রহমান,মাহবুবুর রহমান রবি এর নেতৃত্বে চার ইউনিয়ন পরিষদ।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন সম্পাদক সাকিব এর নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, সেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবকলীগ,মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব ও সম্পাদক মানিক এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, মুজিবনগর প্রেসক্লাব,তাঁতীলীগ, মুক্তিযুদ্ধ প্রজন্মলীগ, সৈনিকলীগ ও মুজিবনগর শিশু পরিবার, মুজিবনগর স্বাস্হ্য কমপ্লেক্স, বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পরে সকাল সাড়ে ৮ টার সময় উপজেলা পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল, এর পর বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের সভাপতি উপজেলা নির্বাহি অফিসার অনিমষ বিশ্বাস এর উদ্বোধনী বক্তব্যের মধ্যদিয়ে শুরু হয় কুচকাওয়াজ ও শরীর চর্চা প্রদর্শন ও

ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পরিষদ চত্বরে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শনে অংশ নেন বীরমুক্তিযোদ্ধা, পুলিশ, বিএনসিসি, আনসার ভিডিপি, বাংলাদেশ স্কাউট ও স্কুল কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীরা।

সকাল সাড়ে দশটার সময় সকল স্কুল কলেজের শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতা ও সাড়ে ১১ সময় বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়। পরে ক্রীড়া প্রতিযোগী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

এছাড়াও বাদ জোহর জাতীর শান্তি, অগ্রগতি ও মঙ্গল কামনা করে উপজেলার সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধা মত সময়ে মন্দির গীর্জা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ পার্থনা এবং দুপুরে উপজেলার সকল এতিমখানা ও হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। বিকাল তিনটায় শুরু হয় সৌখিন ফুটবল প্রতিযোগিতা, এবং সাংস্কৃতি অনুষ্ঠান। সন্ধায় সকল সরকারী ও বেসরকারী ভবনসমূহে আলোকসজ্জার মধ্যে দিয়ে বিজয় দিবসের দিন ব্যাপি কর্মসূচি শেষ করা হয়।

গাংনী উপজেলা জামায়াতের আমীর রবিউল গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলা জামায়াতের আমীর ডা. রবিউল ইসলাম(৬০) কে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ বৃহষ্পতিবার বেলা ১১ টার দিকে গাংনী থানা পুলিশের একটি টীম রবিউল ইসলামকে তার বাস ভবন থেকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে নাশকতার অভিযোগে আনীত মামলার গ্রেপ্তারী পরওয়ানা রয়েছে।

তিনি গাংনীর বিশ্বাস পাড়ার মৃত আব্দুর রউফের ছেলে। গ্রেপ্তারকৃত রবিউল ইসলামকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গত ১৩ ফেব্রুয়ারী সন্ধ্যা

সাড়ে সাতটার দিকে গাংনীর ভাটপাড়া গ্রামের মসজিদে তার দলীয় লোকজনকে সংগঠিত করে নাশকতার পরিকল্পনা করছিলেন। এসময় পুলিশ অন্যান্য আটক করতে সক্ষম হলেও রবিউল ইসলাম পালিয়ে যায়। এ ব্যাপারে গাংনী থানায় একটি মামলা রুজু করা হয়। যার নম্বর – ১১,তারিখঃ১৩-০২-২২ইং। ওই মামলায় বিজ্ঞ আদালতের গ্রেপ্তারী পরওয়ানা বলে রবিউল ইসলামকে গ্রেপ্তার করা হয়।

সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ৬ জন কারাগারে

মেহেরপুরে গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় কারাগারে পাঠানো হলো গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে।
তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ৩০(২)/৩৫ ধারায় মামলা দিয়ে আদালাতে প্রেরণ করলে বিজ্ঞ বিচারক তাদের জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

এর আগে গাংনী থানার এসআই জগদিশ চন্দ্র বসু বাদী হয়ে সাহিদুজ্জামান শিপুসহ ৯ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। যার মামলা নম্বর-২২, তারিখ-১৪/১২/২২ ইং। কারাগারে পাঠানো আরো ৫ আসামি হলেন- গাংনী সরকারী ডিগ্রি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, গাংনী উপজেলা ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, বিপুল হোসেন, চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। বাকি ৩ আসামি পলাতক রয়েছেন। তারা হলেন- সাহারবাটির জামিরুল ইসলাম, এলাঙ্গীর জামিরুল ইসলাম, এবং কাজিপুরের তপন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গতকাল বুধবার বিকালে তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দিয়ে আদালতে পাঠালে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মামলার এজাহারে জানা গেছে, সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপু গ্রেফতারকৃত ও পলাতক আসামিদের সহায়তায় অনলাইন জুয়া ওয়ান এক্স বেট ও মেল বেটের সাব এজেন্ট হিসেবে করিতেছে এবং অনলাইন জুয়া

ওয়ান এক্স বেট ও মেল বেট পরিচালিত অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রানজেকশন মোবাইল ব্যংকিং ব্যবসা বিকাশ/রকেট/নগদ/উপায়ের মাধ্যমে লেনদেন সম্পন্ন করছেন। এমন খবরের ভিত্তিতে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও জেলা গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী বাজার সংলগ্ন উত্তরপাড়ায় শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান পরিচালনা করা হয়।

এসময় শিপুর কাছে থেকে তিনটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। জব্দকৃত মোবাইল ফোনে দেখা যায় ২০২০ সালের ২৭ জুলাই তিনি অনলাইন জুয়ার সাইট ওয়ান এক্স বেটের একাউন্ট ওপেন করেন এবং সেই থেকে অনলাইন জুয়ার মাধ্যমে অবৈধ ই-ট্রানজেকশন করে আসছেন। জব্দকৃত মোবাইল এবং তার নিকট হতে ২লাখ ২৪ হাজার ৫শ টাকা উদ্ধার করা হয়। এছাড়া আসামি রবিউল, উজ্জল, বিপুল, চঞ্চল ও জিয়াউরের নিকট থেকে মোট ২৪টি মোবাইল ফোন জব্দ করা হয়। এবং প্রতিটি মোবাইল ফোনে অনলাইন জুয়ার কার্যক্রমে জড়িত থাকার বিভিন্ন স্ক্রিণশট, লেনদের তথ্য পাওয়া যায়।

আসামিদের জিজ্ঞাসাবাদে জানা যায় বাদী জানায়, আসামি মূল সহযোগী লালু বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রানজেকশনের মাধ্যমে বাংলাদেশী টাকা রাশিয়ান রুবলে পরিণত করে অবৈধভাবে টাকা পাচার করছেন।

এর আগে, মঙ্গলবার রাতে গাংনী শহরের উত্তরপাড়ায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান পরিচালনা করে সাহিদুজ্জামান শিপু, রবিউল ইসলাম, জুবায়ের হোসেন উজ্জল, বিপুল হোসেন, চঞ্চল চৌধুরী, জিয়াউর রহমান আটক করে পুলিশ।

প্রসঙ্গত, অবৈধ ই-ট্রানজেকশনের মাধ্যমে অনলাইন জুয়া পরিচালিত করে মেহেরপুরের প্রায় দুইশত এজেন্ট রাশিয়ায় কোটি কোটি টাকা পাচার করছেন। মেহেরপুর পুলিশ অনলাইন জুয়ার সেসব দূর্গে হানা দিয়ে এর আগে বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে ২৭ জনকে গ্রেফতার করে জেলে পাঠিয়েছে। মেহেরপুর প্রতিদিনও অনলাইন জুয়া নিয়ে ধারাবাহিকভাবে অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করছে। মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানেও অনলাইন জুয়ার সাথে জড়িত আরো কয়েকজরে তথ্য পাওয়া গেছে। ধারাবাহিকভাবে সেগুলো প্রকাশ করা হবে।

মেহেরপুর জেলা বিএনপির শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

‘চাই সত্য উচ্চারনের অধিকার’ এ স্লোগানে শহীদ বুদ্ধিজীবী দিবসে শহীদদের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে মেহেরপুর জেলা বিএনপি।

আজ বুধবার সকালে জেলা পরিষদের সামনে স্মৃতিসৌধে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন সহ- সভাপতি আব্দুর রহমান, সহ- সভাপতি ইলিয়াস হোসেন, সহ- সভাপতি হাবিবুর রহমান হবু, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস,সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা মহিলা দলের সভাপতি সাইহেদাতুন নেছা, বিএনপির নেতা শাহাবুদ্দিন মোল্লা, সহ যুবদল, স্বেচ্ছাসেবকদল, ছাত্রদল, কৃষক দল ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় থেকে র্যালি বের হয়। র্যালিটি মেহেরপুরের প্রধান শহর প্রদক্ষিণ করে জেলা পরিষদের সামনে এসে শেষ হয়।

মুজিবনগরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় সহিত পালন করা হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস। মুজিবনগরে ১৪ই ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মুজিবনগর মুক্তযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এর স্মৃতিসৌধে পু্ষ্পস্তবক অর্পন করে মহান মুক্তিযুদ্ধ এবং পরবর্তীতে সকল

শহীদদের প্রতিশ্রদ্ধা জানানো হয়।

পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান, উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান এর নেতৃত্বে বীর মুক্তিযোদ্ধাবৃন্দ,উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম।
পুষ্পস্তবক অর্পণ শেষে স্মৃতিসৌধ প্রাঙ্গনে মহান মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।
পরে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, উপজেলা পরিষদ অডিটরিয়ামে শহীদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব এর সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, উপজেলা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন,বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান।

মহান মুক্তিযুদ্ধে নিশ্চিত পরাজয় জানতে পেরে পাকিস্তানি দালাল রাজাকার, আলবদর, আলশামস, এর সহযোগিতায় পাকবাহিনী বাংলাদেশকে মেধাশূন্য করার জন্য কিভাবে নিশংসভাবে দেশের বুদ্ধিজীবীদের হত্যা করে। সে বিষয়ের উপরে বিস্তারিত আলোচনা করেন আলোচকরা। সময় উপজেলার বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, সাংবাদিক, শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় ছাত্রলীগ নেতা

শিপুসহ ৬জন আটক

অনলাইন জুয়ার সাথে জড়িত থাকায় গাংনীর সাবেক এমপি মকবুল হোসেনের পিএস জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি শাহিদুজ্জামান শিপুসহ ছয়জনকে আটক করেছে পুলিশ।
গতকাল মঙ্গলবার রাত সাড়ে আটটা থেকে দীর্ঘ সময় গাংনী শহরে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায় মেহেরপুরে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনের নেতৃত্বে পুলিশের একাধিক টিম। অভিযানে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, ডিবির ওসি সাইফুল আলমসহ ডিবি পুলিশ ও পুলিশের একাধিক টিম অংশ নেয়।
অভিযান শেষে রাত ১১টার দিকে তাদেরকে মেহেরপুর ডিবি কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। আটকরা হচ্ছেন- সাবেক ছাত্রলীগ নেতা শাহিদুজ্জামান শিপু, গাংনী সরকারি কলেজের অফিস সহকারী রবিউল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, গাংনী বাজার কমিটির সদস্য বিপুল হোসেন, মালসাহ গ্রামের চঞ্চল হোসেন ও জিয়াউর রহমান। পুলিশ সুত্রে জানা গেছে, গাংনী উত্তরপাড়া শাহিদুজ্জামান শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অনলাইনে জুয়া খেলা হয়। শিপুর মাধ্যমে অনেক মানুষ জুয়ার খেলার সাথে সম্পৃক্ত। এর মাধ্যমে টাকা পাচার হচ্ছে বিদেশে। এমন অভিযোগে ডিবি ও গাংনী থানা পুলিশের দুটি দল রাতে শিপুর ব্যক্তিগত কার্যালয়ে অভিযান চালায়। এসময় শিপুসহ কয়েকজন সেখানে প্রতিদিনের ন্যায় বসে ছিল। তাদের ব্যবহৃত ১৪টি মোবাইল ডিভাইস জব্দ করে প্রাথমিক পরীক্ষা করে। দীর্ঘ সময় ধরে মোবাইল পরীক্ষা-নিরিক্ষা করে রাত ১১টার দিকে তাদের ছয়জনকে পুলিশ হেফাজতে নিয়ে যায়।
অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন জানান, সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ছয় জনকে অনলাইন জুয়ার সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়ায় তাদের আটক করা হয়েছে। তাদের কাছ থেকে ডিজিটাল ডিভাইস হিসেবে ১৪টি মোবাইল ও সিম জব্দ করা হয়েছে। জিজ্ঞাসাবাদ ও ডিভাইসগুলো প্রয়োজনীয় পরীক্ষা শেষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।